রেজিস্টার্ড নং ডি এ-১


# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২৪, ২০১০


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ৭ মাঘ ১৪১৬ বঙ্গাব্দ/২০ জানুয়ারি ২০১০ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ২১/আইন/২০১০/অম/অসবি-৩-১৪/২০০৯(স্ট্যাম্প)।—Stamp Duties (Additional Modes of Payment) Act, 1974 (Act No. LXXI of 1974) এর Section 3 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **শিরোনাম**।—এই বিধিমালা কোম্পানী নিবন্ধন ও শেয়ার হস্তান্তর এর উপর প্রদেয় স্ট্যাম্প শুল্ক (অতিরিক্ত পরিশোধ পদ্ধতি) বিধিমালা, ২০১০ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আরজেএসসি" অর্থ কোম্পানী আইনের ধারা ৪০১ এ উল্লিখিত রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ;

(খ) "কোম্পানী আইন" অর্থ কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন);

(গ) "ট্রেজারী কর্মকর্তা" অর্থ বাংলাদেশ ব্যাংক বা কোন তফসিলী ব্যাংকের এমন কোন কর্মকর্তা যিনি ট্রেজারী সংশ্লিষ্ট দায়িত্ব পালন করেন;

(ঘ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(ঙ) "দলিল" অর্থ কোন কোম্পানীর সংঘস্মারক, সংঘবিধি, শেয়ার বা অন্য কোন দলিল বা কাগজপত্র;



মূল্য ঃ টাকা ৪.০০

(চ) "নিবন্ধন" অর্থ কোম্পানী আইনের বিধান অনুসারে রেজিস্ট্রার এর অফিসে কোন দলিলের নিবন্ধন বা রেকর্ডে অন্তর্ভুক্তকরণ;

(ছ) "ব্যক্তি" অর্থে কোন ব্যক্তি, কোম্পানী, প্রতিষ্ঠান, সমিতি, অংশীদারী কারবার, সংবিধিবদ্ধ বা অন্যবিধ সংস্থা বা উহাদের প্রতিনিধিগণও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(জ) "রেজিস্টার" অর্থ তফসিলে উল্লিখিত স্ট্যাম্প শুল্ক আদায়ের রেজিস্টার;

(ঝ) "রেজিস্ট্রার" অর্থ কোম্পানী আইনের ধারা ২ এর দফা (দ) তে সংজ্ঞায়িত রেজিস্ট্রার;

(ঞ) "স্ট্যাম্প শুল্ক" অর্থ কোম্পানী আইনের বিধান অনুসারে কোন দলিল নিবন্ধনের ক্ষেত্রে Stamp Act, 1899 (Act No. II of 1899) এর অধীন আরোপনীয় কোন Stamp Duty।

৩। **পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট্ এর মাধ্যমে স্ট্যাম্প শুল্ক পরিশোধের অতিরিক্ত পদ্ধতি।**—(১) কোন ব্যক্তি রেজিস্ট্রারের অফিসে, কোম্পানী আইন এর বিধান অনুযায়ী, কোন দলিল নিবন্ধন করিতে চাহিলে তদ্কর্তৃক, উক্ত দলিল নিবন্ধনের ক্ষেত্রে, প্রদেয় স্ট্যাম্প শুল্কের সমপরিমাণ অর্থ আরজেএসসি কর্তৃক নির্ধারিত কোন তফসিলী ব্যাংকে একাউন্টপেয়ী পে-অর্ডার বা একাউন্টপেয়ী ব্যাংক ড্রাফট্ এর মাধ্যমে জমা প্রদান করিতে হইবে এবং নিবন্ধনের উদ্দেশ্যে রেজিস্ট্রারের নিকট সংশ্লিষ্ট দলিল উপস্থাপনের সময় উক্ত দলিলের সহিত উক্ত পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট্ এর মূল কপি, উহার একটি ফটোকপি এবং উপ-বিধি (২) এর অধীন প্রাপ্ত রসিদের ফটোকপি দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন একাউন্টপেয়ী পে-অর্ডার বা একাউন্টপেয়ী ব্যাংক ড্রাফট্ ইস্যুর সময় সংশ্লিষ্ট তফসিলী ব্যাংক উক্ত পে-অর্ডার বা ব্যাংক ড্রাফটে পরিশোধিত স্ট্যাম্প শুল্ক "১/১১০১/০০২০/১৩২১-স্ট্যাম্প প্রশাসন, নন-জুডিসিয়াল" খাতের নাম এবং পরিশোধকারীর নাম, ঠিকানা ও তারিখ উল্লেখপূর্বক অর্থ জমাকারীকে তৎসম্পর্কে একটি রসিদ প্রদান করিবে।

(৩) উপ-বিধি (১) এর অধীনে একাউন্টপেয়ী পে-অর্ডার বা একাউন্টপেয়ী ব্যাংক ড্রাফট্ প্রাপ্ত হইবার পর, রেজিস্ট্রার—

(ক) তাহার নিকট উপস্থাপিত দলিলে স্ট্যাম্প শুল্ক পরিশোধের বিষয়টি লিপিবদ্ধ করিবেন এবং উক্ত পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট্ এর মূলকপি ও ফটোকপির অপর পৃষ্ঠায় তাঁহার নাম ও পদবী সম্বলিত সীলমোহর এবং দস্তখত প্রদান করিবেন;

(খ) স্ট্যাম্প শুল্ক বাবদ প্রাপ্ত অর্থ, একই দিনে অথবা পরবর্তী কার্যদিবসের মধ্যে, চালানের মাধ্যমে ট্রেজারিতে জমা প্রদানের ব্যবস্থা করিবেন এবং উক্ত তথ্যাদি রেজিস্টারে অন্তর্ভুক্ত করতঃ ট্রেজারী কর্মকর্তার প্রাপ্তিস্বীকার উল্লেখসহ উক্ত কর্মকর্তার দস্তখত ও সীলমোহর গ্রহণ করিবেন।

(৪) রেজিস্ট্রার, পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট্ এর মাধ্যমে পরিশোধিত স্ট্যাম্প শুল্কের অর্থ ট্রেজারিতে জমা হওয়ার বিষয়টি নিশ্চিতকরণের উদ্দেশ্যে, প্রতি সপ্তাহে অন্ততঃ একবার, ট্রেজারী কর্মকর্তার নিকট রেজিস্টার উপস্থাপন করিবেন এবং উক্ত কর্মকর্তা রেজিস্টারের সংশ্লিষ্ট কলামে নগদায়নকৃত পে-অর্ডার বা ব্যাংক ড্রাফটের বিপরীতে "নগদায়িত" শব্দটির উল্লেখসহ তাহার নাম ও পদবী সম্বলিত সীলমোহর ও দস্তখত প্রদান করিবেন।

(৫) কোন পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট্ নগদায়ন না হওয়া পর্যন্ত উক্ত পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট্ এর মাধ্যমে স্ট্যাম্প শুল্ক পরিশোধকারীকে রেজিস্ট্রিকৃত মূল দলিল সরবরাহ করা যাইবে না এবং নগদায়ন না হইলে, উপ-বিধি (৮) অনুযায়ী, সংশ্লিষ্ট দলিলের নিবন্ধনের কার্যকরতা বাতিল হইয়া যাইবে।

(৬) উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট্ উক্তরূপ দাখিলের পরবর্তী ত্রিশ দিনের মধ্যে নগদায়ন না হইলে, উক্ত নগদায়ন না হওয়া সম্পর্কে আরজেএসসিকে অবহিত করার জন্য রেজিস্ট্রার সংশ্লিষ্ট পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট ইস্যুকারী ব্যাংককে লিখিতভাবে অনুরোধ করিবেন এবং উহার একটি অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তির নিকট প্রেরণ করতঃ উল্লেখ করিবেন যে, পরবর্তী ত্রিশ দিনের মধ্যে উক্ত পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট্ নগদায়িত না হইলে সংশ্লিষ্ট দলিলের নিবন্ধন অকার্যকর গণ্য হইবে এবং তাহার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(৭) উপ-বিধি (৬) এর কোন অধীন কোন অনুরোধপত্র প্রেরণের পরবর্তী ত্রিশ দিনের মধ্যে সংশ্লিষ্ট পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট্ নগদায়িত না হইলে উহা অস্বীকৃত (dishonoured) হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৮) কোন পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট্ অস্বীকৃত (dishonoured) হইলে বা অস্বীকৃত বলিয়া গণ্য হইলে রেজিস্ট্রার সংশ্লিষ্ট নিবন্ধনের কার্যকারিতা বাতিল করতঃ বিষয়টি সংশ্লিষ্ট ব্যক্তিকে লিখিতভাবে অবহিত করিবেন এবং তাহার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৯) এই বিধির অধীন দায়িত্ব পালনের ক্ষেত্রে, রেজিস্ট্রার বা ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারীকে, ট্রেজারী কর্মকর্তা সকল প্রকার সহযোগিতা প্রদান করিবেন।

৪। **মাসিক বিবরণী প্রেরণ**।—(১) রেজিস্ট্রার নিবন্ধনের জন্য উপস্থাপিত সকল দলিলের উপর, পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট্ এর মাধ্যমে, পরিশোধিত স্ট্যাম্প শুল্ক সম্পর্কে একটি মাসিক বিবরণী প্রস্তুতপূর্বক উহার কপি, সংশ্লিষ্ট মাসের অব্যবহিত পরবর্তী মাসের প্রথম সাত দিনের মধ্যে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং হিসাব মহানিয়ন্ত্রক এর দপ্তরে প্রেরণ করিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত মাসিক বিবরণীতে সংশ্লিষ্ট মাসে, পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট্ এর মাধ্যমে, পরিশোধিত স্ট্যাম্প শুল্কের মোট পরিমাণ প্রত্যায়িত থাকিবে।

৫। **নির্দেশ প্রদানের ক্ষমতা**।—এই বিধিমালার যথাযথ বাস্তবায়নের উদ্দেশ্যে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং, প্রয়োজনে, বাণিজ্য মন্ত্রণালয় আরজেএসসিকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিতে পারিবে।

৬। **পরিদর্শন**।—এই বিধিমালার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করিবার উদ্দেশ্যে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা আরজেএসসি এর দপ্তর বা দপ্তরসমূহ পরিদর্শন করিতে পারিবেন।

## তফসিল

**[ বিধি ২(জ) দ্রষ্টব্য ]**

আরজেএসসি, ..........................অফিস

................সন হইতে ...........সন

**স্ট্যাম্প শুল্ক আদায়ের রেজিস্টার**

| ক্রমিক নং | দলিল উপস্থাপনের তারিখ | স্ট্যাম্প শুল্ক পরিশোধকারীর নাম/ঠিকানা | দলিলের প্রকৃতি | নিবন্ধন নং (যদি থাকে) | কোম্পানীর নাম ও ঠিকানা | স্ট্যাম্প শুল্কের পরিমাণ (অংকে/কথায়) | পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের নম্বর, তারিখ ও ইস্যুকারী ব্যাংকের নাম | জমার বিবরণ | | নগদায়ন সম্পর্কে প্রত্যায়ন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | চালান নং ও তারিখ | টাকার পরিমাণ | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. নাসিরউদ্দীন আহমেদ**
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd